

অষ্টম অধ্যায়: মহাবিশ্ব

প্রশ্ন-১. দিন ও রাত কী কারণে হয়?

[প্রা.শি.স.প.-২০১৬, ২০১৫/]

উত্তর: পৃথিবী তার অক্ষের উপর দিনে একবার ঘুর পাক খায়। একে পৃথিবীর আঙ্গিক গতি বলে। এই আঙ্গিক গতির কারণেই পৃথিবীতে দিন ও রাত হয়।

প্রশ্ন-২. নজরুলের দিনের বেলা সব বস্তু দেখতে সূর্যের আলো প্রয়োজন হয়। সূর্য থেকে পৃথিবীতে আলো এসে পৌঁছাতে কত সময় লাগে?

উত্তর: সূর্য থেকে পৃথিবীতে আলো এসে পৌঁছাতে প্রায় ৮ মিনিট সময় লাগে।

প্রশ্ন-৩. পৃথিবীর দুই ধরনের গতি কী কী?

[প্রা.শি.স.প.-২০১৬/]

উত্তর: পৃথিবীর দুই ধরনের গতি হলো— ১. আঙ্গিক গতি ও ২. বার্ষিক গতি।

প্রশ্ন-৪. পৃথিবীর নিজ অক্ষে একবার ঘুরে আসতে একটি নির্দিষ্ট সময় লাগে। ঘূর্ণনের সঠিক সময় কত?

উত্তর: পৃথিবীর নিজ অক্ষে একবার ঘুরে আসতে ২৩ ঘণ্টা ৫৬ মিনিট সময় লাগে।

প্রশ্ন-৫. রবিন উত্তর গোলার্ধের একটি দেশে বাস করে। তার দেশে কখন গ্রীষ্মকাল হয়?

উত্তর: যখন পৃথিবীর উত্তর গোলার্ধ সূর্যের দিকে হেলে থাকে তখন সে অংশে গ্রীষ্মকাল হয়।

প্রশ্ন-৬. আমরা বছরের বিভিন্ন সময় বিভিন্ন ঋতু দেখতে পাই। এই পরিবর্তনের কারণ কী?

উত্তর: ঋতু পরিবর্তনের কারণ বার্ষিক গতি।

প্রশ্ন-৭. হারুন রাতের বেলায় চাঁদকে সম্পূর্ণ গোলাকার দেখতে পেল। চাঁদের এ রূপটিকে কী বলা হয়?

উত্তর: রাতের বেলায় চাঁদ সম্পূর্ণ গোলাকার হলে তাকে পূর্ণিমার চাঁদ বলা হয়।

প্রশ্ন-৮. আঙ্গিক গতি কাকে বলে?

[প্রা.শি.স.প. ২০১৫/]

উত্তর: নিজ অক্ষের উপর পৃথিবীর লাটিমের মতো ঘূর্ণায়মান গতিকে আঙ্গিক গতি বলে।

প্রশ্ন-৯. গ্যালাক্সি কাকে বলে?

[প্রা.শি.স.প. ২০১৫/]

উত্তর: অনেকগুলো নক্ষত্র মিলে যে বিশাল সমাবেশ তৈরি হয় তাকে গ্যালাক্সি বলে।

প্রশ্ন-১০. মহাবিশ্ব কী?

[প্রা.শি.স.প. ২০১৫/]

উত্তর: বিপুল সংখ্যক গ্যালাক্সি এবং এদের মধ্যবর্তী স্থান মিলে মহাবিশ্ব।

প্রশ্ন-১১. চাঁদ থেকে পৃথিবীতে আলো পৌঁছাতে কত সময় লাগে?

[প্রা.শি.স.প. ২০১৬/]

উত্তর: ১.৩ সেকেন্ড।

প্রশ্ন-১২. সৌরজগতে কয়টি গ্রহ আছে?

[প্রা.শি.স.প. ২০১৫/]

উত্তর: সৌরজগতের আটটি গ্রহ আছে।